দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL 22 1999
পৃষ্ঠা ৩ কলাম ১

# ল'কলেজের কর্মকাণ্ড তদন্তে কমিটি গঠন

মামুন-অর-রশীদ

সারাদেশ জুড়ে নামকাওয়াস্তে যে ল' কলেজগুলো গড়ে উঠেছে সেসব কলেজের সরকারী অনুমোদন থাকলেও কোন ব্যবস্থাপনা নেই, সিলেবাস নেই, পরীক্ষা নেয়া হয় না, পরীক্ষা নিলেও মাসের পর মাস ফলাফল ঝুলে থাকছে। এসব অভিযোগের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী গত মঙ্গলবার দু' সদস্যের নিরীক্ষা কমিটি গঠন করেছেন। উল্লেখ্য, দেশের ল' কলেজগুলো জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে না গিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে রয়ে গেছে।

দু' সদস্যের 'নিরীক্ষা কমিটির' একজন হচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সদস্য, সহিদ আক্তার হুসাইন এবং অপরজন হচ্ছেন পরীক্ষানিয়ন্ত্রক হাবিবুর রহমান। এই কমিটিকে বিভিন্ন ল' কলেজের ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয় ও পরীক্ষা সংক্রান্ত খোঁজ-খবর নিয়ে প্রতিবেদন তৈরি করে সিন্ডিকেটের নিকট জমা দিতে বলা হয়েছে। এরপর সিন্ডিকেটের সভায় এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে বলে জানা গেছে।

এই প্রসঙ্গে উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী বলেছেন, 'একাডেমিক কর্মকাণ্ডে আমাদের আরও সিরিয়াস হতে হবে।